তারিখ 10 MAR 2015
পৃষ্ঠা ১২ কলাম ৬

দৈনিক জনকণ্ঠ

# কক্সবাজারে ছাত্রী উত্ত্যক্ত, বখাটের অর্থদণ্ড

স্টাফ রিপোর্টার, কক্সবাজার ॥ এক স্কুলছাত্রীকে উত্ত্যক্ত করার দায়ে পেকুয়ার পূর্ব পাহাড়িয়াখালীর ইছহাক সওদাগরের বখাটে পুত্র শাহরিয়ার তামজিদকে দুই হাজার টাকা জরিমানা এবং ওই বখাটেসহ তার অভিভাবকের কাছ থেকে মুচলেকা নিয়ে ছেড়ে দেয়া হয়েছে। রবিবার স্কুল থেকে বাড়ি ফেরার পথে বারবাকিয়া আদর্শ স্কুলের ষষ্ঠ শ্রেণীর ছাত্রীকে গতিরোধ করে উত্ত্যক্ত করে বখাটে শাহরিয়ার তামজিদ। স্কুল কর্তৃপক্ষের অভিযোগের ভিত্তিতে পেকুয়া থানা পুলিশ সোমবার ওই বখাটেকে আটক করে উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করে।